# উপানুষ্ঠানিক শিক্ষা বার্তা

১৫তম সংখ্যা    অক্টোবর-ডিসেম্বর ২০২৪

সবার জন্য মানসম্মত গণশিক্ষা

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়





প্রধান উপদেষ্টা
মো: ইউনুছ আলী
মহাপরিচালক

উপদেষ্টা
মোহাম্মদ রুকুনুদ্দীন সরকার
পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং) চঃ দাঃ

সম্পাদনা পর্ষদ
মোহা: জালালুম বাঈদ
উপপরিচালক (সাধারণ প্রশাসন)

মো: আলী আকবর
উপপরিচালক (অর্থ ও বাজেট)

রাজু কুমার সরকার
সহকারী পরিচালক (প্রশাসন)

ফরিদা ইয়াসমিন
সহকারী পরিচালক (প্রশিক্ষণ, অ. দা.)

প্রচ্ছদ
ফরিদা ইয়াসমিন
লাইব্রেরিয়ান

কম্পিউটার সহযোগিতা
মোঃ মোস্তাফিজুর রহমান
লাইব্রেরি সহকারী

গ্রাফিক্স সহযোগিতা
অসীম কুমার সরকার
অডিও ভিজ্যুয়াল টেকনিশিয়ান

## প্রসঙ্গ-কথা

বাংলাদেশের সংবিধানের ১৭ (গ) অনুচ্ছেদে আইনের দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে নিরক্ষরতা দূর করার অঙ্গীকার রয়েছে। তারই ধারাবাহিকতায় বর্তমান সরকার দেশের নিরক্ষর জনগোষ্ঠীকে সাক্ষরতা দানের লক্ষ্যে বিদ্যালয় বহির্ভূত কিশোর-কিশোরীদের জন্য দক্ষতা কেন্দ্রিক সাক্ষরতা (SKILFO) পাইলট প্রকল্প ও আউট অফ স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম (OoSC) হাতে নিয়েছে। এই সাক্ষরতা কর্মসূচি বাস্তবায়নের ফলে সাক্ষরতার হার বৃদ্ধি পেয়ে বর্তমানে ৭৭.৯%। দেশের আর্থ সামাজিক উন্নয়নের জন্য শিক্ষিত ও দক্ষ মানব সম্পদ অপরিহার্য। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো দেশের সর্বত্র শিক্ষার সুযোগ বঞ্চিত নিরক্ষর মানুষদের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করে থাকে। এ 'উপানুষ্ঠানিক শিক্ষা বার্তায়' বাস্তবায়িত কার্যক্রমগুলোর কতিপয় প্রতিফলন রয়েছে।

এ সংখ্যায় (অক্টোবর-ডিসেম্বর, ২০২৪) উল্লেখযোগ্য বিষয়সমূহের মধ্যে নিয়মিত সংবাদ হিসেবে রয়েছে-কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ, বদলী, পদোন্নতি, যোগদান সংবাদ, কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ সংবাদ, কর্মশালা ও সেমিনার সংক্রান্ত সংবাদ ইত্যাদি। উপানুষ্ঠানিক শিক্ষা বার্তা উপানুষ্ঠানিক শিক্ষা সংক্রান্ত সংবাদ পরিবেশনের পাশাপাশি সরকারের শিক্ষা বিষয়ক বিভিন্ন কার্যক্রম প্রচার করে থাকে। সংশ্লিষ্ট সকলের সুচিন্তিত মতামত, তথ্য, লেখা প্রেরণ ও পরামর্শ আমাদের প্রকাশনাকে আরও সমৃদ্ধ করবে।

## কর্মচারীদের কর্মদক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ





গত ০২-০৪ অক্টোবর, ২০২৪ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র প্রধান কার্যালয়ের (১৫-২০ গ্রেড) কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হয়। এ প্রশিক্ষণ পরিচালনা করেন জনাব মো: জাহিদ নেওয়াজ, পরিচালক (প্রশাসন, অর্থ, প্রশিক্ষণ ও বাস্তবায়ন) এ প্রশিক্ষণে ৩১ জন কর্মচারী অংশগ্রহণ করেছেন। বিভিন্ন বিষয়ের উপর যেমন সরকারি কর্মচারী আইন, শুদ্ধাচার, তথ্য অধিকার আইন, অভিযোগ প্রতিকায় ও সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ইন হাউজ কর্মদক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যে কোন প্রশিক্ষণ কর্মচারীদের কর্মজীবনে সহায়ক ভূমিকা রাখে।

## সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সেমিনার

গত ০৬/১০/২০২৪ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয় অংশীজন সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে রিসোর্সপারসন হিসেবে উপস্থিত ছিলেন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র মহাপরিচালক, ড. মো: আবুল কালাম আজাদ। মহাপরিচালক বলেন সেবা প্রদান প্রতিশ্রুতি হল একটি প্রতিষ্ঠানের সিটিজেন চার্টার যেখানে সেবা প্রদান সংক্রান্ত যাবতীয় বিবরণ ও নির্দেশনা বিবৃত থাকে। সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা প্রক্রিয়ায় স্বচ্ছতা ও শৃঙ্খলা আনয়ন করে। তাছাড়া সিটিজেন চার্টার সেবা সংক্রান্ত তথ্য নাগরিকদের নিকট সহজলভ্য করা, সেবা কার্যক্রমে নাগরিকদের অংশীদারিত্ব বৃদ্ধি, সরকারি কর্মকর্তা-কর্মচারিদের জবাবদিহিতা বৃদ্ধি করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সেবাগ্রহীতাদের সেবা গ্রহণে সঠিক নির্দেশনা প্রাপ্তি নিশ্চিতকরণের প্রতিশ্রুতিই হচ্ছে সেবা প্রদান প্রতিশ্রুতি। তিনি আরও বলেন সরকারি সেবাসমূহকে তিনটি ভাগে ভাগ করা হয়েছে: (ক) নাগরিক সেবা; (খ) প্রাতিষ্ঠানিক সেবা; এবং (গ) অভ্যন্তরীণ সেবা। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা, ও অভ্যন্তরীণ সেবা প্রদান করা হয়। বিভিন্ন এনজিও প্রতিনিধিগণ প্রয়োজনে এ সকল সেবা গ্রহণ করতে পারবেন।

সংস্থার এনজিওদের কোন বিষয়ে অভিযোগ আছে কি না তা জানতে চাওয়া হয়। অংশগ্রহণকারীদের মধ্য হতে অনেকে বলেন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো থেকে যথেষ্ট সহযোগিতা ও সুবিধা পেয়েছি। সঞ্চালকের অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সদস্য উপপরিচালক (সাধারণ প্রশাসন) জনাব মোহাঃ জালালুম বাঈদ সভায় মন্ত্রিপরিষদ বিভাগের ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ও নির্দেশিকা নিয়ে আলোচনা করেন। সেবা প্রদান বিষয়ে কোন অভিযোগ থাকলে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে অনলাইন ও অফলাইনে অভিযোগ বক্স আছে। সেখানে যে কোন অভিযোগ থাকলে সেখানে দাখিল করার জন্য আহবান জানান হয়।

## অভিযোগ প্রতিকার বিষয়ে অংশীজনদের জনসচেতনতা বৃদ্ধিমূলক সভা

মন্ত্রিপরিষদ বিভাগ হতে 'অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে অনলাইন অভিযোগ প্রতিকার কার্যক্রম GRS চালু হয়েছে। সভাপতির অনুমতিক্রমে মোঃ জালালুম বাঈদ উপপরিচালক (প্রশাসন ও অর্থ) সভায় জানান যে, অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫ এর কার্যক্রম [২.২] অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ২টি অবহিতকরণ সভা করার সিদ্ধান্ত রয়েছে। ১ম অর্ধবার্ষিকীতে একটি এবং ২য় অর্ধবার্ষিকীতে একটি। গত ২০/১০/২০২৪ তারিখে ১ম সভাটি অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকল এনজিওর কর্মকর্তা/কর্মচারীদের নিকট উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কার্যক্রম নিয়ে কোন অভিযোগ আছে কিনা জানতে চান এবং মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে কী কী সমস্যার সম্মুখীন হতে হচ্ছে তা জানতে চান। এ প্রেক্ষিতে জনাব জয়নাল আহম্মেদ বলেন, মাঠ পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নে বিভিন্ন চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয়। আমরা নিজেরা সমস্যার সমাধান করে থাকি। জনাব মিজানুর রহমান, উপজেলা প্রোগ্রাম ম্যানেজার, ব্র্যাক বলেন, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র শিক্ষা কার্যক্রমটি খুবই ভালো এতে গরীব অসহায় শিশুরা শিক্ষা গ্রহণ করার সুযোগ পাচ্ছে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কার্যক্রম নিয়ে আমাদের কোন অভিযোগ নেই। অভিযোগ থাকলে আমরা অবশ্যই অভিযোগ করব।

# উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কর্মচারীদের সঞ্জীবনী প্রশিক্ষণ



দেশের অন্যান্য জেলার ন্যায় নৈসর্গিক সৌন্দর্য্যের লীলাভূমি কক্সবাজার জেলায় গত ২২-২৬ অক্টোবর ২০২৪ তারিখ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কর্মচারীদের সঞ্জীবনী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসেবে সঞ্জীবনী প্রশিক্ষণ শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র মহাপরিচালক ড. মো: আবুল কালাম আজাদ। প্রধান অতিথির বক্তব্যে উশিব্যু মহাপরিচালক বলেন প্রতিবছরের ন্যায় এ বছরেও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কর্মচারীদের সঞ্জীবনী প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। ১ম ব্যাচে ২৮ জন কর্মচারী এতে অংশগ্রহণের সুযোগ পেয়েছে। ২য় ব্যাচে বাকীদেরকেও এ সুযোগ দেয়া হবে। এ প্রশিক্ষণটি একজন কর্মচারীর কর্মক্ষেত্রে কাজের অনুপ্রেরণা যোগায় অনেক কর্মব্যস্ততার মাঝে তারা একটু আনন্দ খুজে পায়। প্রত্যেকটি মানুষের জীবনে কাজের মাঝে একটু স্বস্তি, আনন্দ থাকা দরকার সে প্রেক্ষিতে এ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং), জনাব মোহাম্মদ রুকুনুদ্দীন সরকার সঞ্জীবনী প্রশিক্ষণ অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। শুরুতে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র মহাপরিচালককে এ রকম একটি প্রশিক্ষণের আয়োজন করার জন্য তাঁকে ধন্যবাদ জানান। কারণ অফিসের কাজের ফাকে এ রকম একটি প্রশিক্ষণ গ্রহণ করলে কর্মচারীদের কাজের উৎসাহ অনেকগুণ বেড়ে যাবে। তাই প্রতি বছর একবার সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদানের জন্য মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোকে অনুরোধ জানান।

# জনাব মোঃ ইউনুছ আলী, মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে যোগদান






প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২৪ অক্টোবর ২০২৪ তারিখের ৩৮.০০.০০০০.০০১.৩৪.০৯৭.২০-৭৩৩ সংখ্যক স্মারকের প্রজ্ঞাপনমূলে জনাব মোঃ ইউনুছ আলীকে, মহাপরিচালক হিসেবে পদায়ন করা হয়। তিনি গত ০১ নভেম্বর ২০২৪ তারিখে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে মহাপরিচালক পদে যোগদান করেন। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র পরিবার তাঁর সার্বিক মঙ্গল কামনা করেন।

# ড. মোঃ আবুল কালাম আজাদ, মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র বিদায় সংবর্ধনা অনুষ্ঠান






জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৩১.১৮.৭ সংখ্যক স্মারকের প্রজ্ঞাপনমূলে ড. মোঃ আবুল কালাম আজাদ, মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোকে PRL জনিত কারণে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ন্যাস্ত করা হয়। উক্ত আদেশের প্রেক্ষিতে গত ৩০ অক্টোম্বর ২০২৪ তারিখের ৩৮.০০.০০০০.৩০১.১৮.৭৪১-২৪ সংখ্যক স্মারকে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো হতে তাঁকে অবমুক্ত করা হয় এবং বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

# জনাব মোঃ রফিকুল ইসলাম, ব্যক্তিগত সহকারী, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো’র বিদায় সংবর্ধনা অনুষ্ঠান






উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো’র প্রশাসন শাখার অফিস আদেশ মূলে ২৭ অক্টোবর ২০২৪ তারিখে PRL এ গমনের জন্য অফিস আদেশ প্রদান করা হয়েছে। তাঁকে অবমুক্ত করা হয় এবং বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

# উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কর্মচারীদের সঞ্জীবনী প্রশিক্ষণ




দেশের অন্যান্য জেলার ন্যায় নৈসর্গিক সৌন্দর্যের লীলাভূমি কক্সবাজার জেলায় গত ৩১ অক্টোবর ২০২৪ তারিখ হতে ০৪ নভেম্বর ২০২৪ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কর্মচারীদের প্রধান কার্যালয়ের (২য় ব্যাচ) সঞ্জীবনী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। প্রধান অতিথি হিসেবে সঞ্জীবনী প্রশিক্ষণ শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অতিরিক্ত সচিব উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো মহাপরিচালক মোঃ ইউনুছ আলী। প্রধান অতিথির বক্তব্যে মহাপরিচালক বলেন প্রতিবছরের ন্যায় এ বছরেও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কর্মচারীদের সঞ্জীবনী প্রশিাক্ষণ আয়োজন করা হয়েছে। ২য় ব্যাচে ২৮ জন কর্মচারী এতে অংশগ্রহণের সুযোগ পেয়েছে। এ প্রশিক্ষণটি একজন কর্মচারীর কর্মক্ষেত্রে কাজের অনুপ্রেরণা যোগায় অনেক কর্মব্যস্ততার মাঝে তারা একটু আনন্দ খুজে পায়। প্রত্যেকটি মানুষের জীবনে কাজের মাঝে একটু স্বস্তি, আনন্দ থাকা দরকার সে প্রেক্ষিতে এ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র জেলা কার্যালয়ের কর্মচারীদের সঞ্জীবনী প্রশিক্ষণ





দেশের অন্যান্য জেলার ন্যায় নৈসর্গিক সৌন্দর্য্যের লীলাভূমি কক্সবাজার জেলায় গত ১৪-১৯ নভেম্বর ২০২৪ ১ম ব্যাচ, ২৬-৩০ নভেম্বর ২০২৪ ২য় ব্যাচ, ০৬-১০ ডিসেম্বর ২০২৪ ৩য় ব্যাচ এবং ১৩-১৭ ডিসেম্বর ২০২৪ ৪র্থ ব্যাচ ০৪টি ব্যাচে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র জেলা কার্যালয়ের কর্মচারীদের সঞ্জীবনী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। ০৪টি ব্যাচে মোট ১২০ জন (১১-২০ গ্রেড) কর্মচারী সঞ্জীবনী প্রশিক্ষণে অংশগ্রহণ করে। প্রধান অতিথি হিসেবে সঞ্জীবনী প্রশিক্ষণ শুভ উদ্বোধন করেন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো মহাপরিচালক মোঃ ইউনুছ আলী। প্রধান অতিথির বক্তব্যে মহাপরিচালক বলেন এ বছর উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো সর্ব ১ম জেলা কার্যালয়ের কর্মচারীদের সঞ্জীবনী প্রশিক্ষণ আয়োজন করা হল। এ প্রশিক্ষণটি একজন কর্মচারীর কর্মক্ষেত্রে কাজের অনুপ্রেরণা যোগাবে অনেক কর্মব্যাস্ততার মাঝে তারা একটু আনন্দ খুজে পাবে। প্রত্যেকটি মানুষের জীবনে কাজের মাঝে একটু স্বস্তি, আনন্দ থাকা দরকার সে প্রেক্ষিতে এ প্রশিক্ষণ আয়োজন করা হয়।

## জনাব মোঃ নাছির উদ্দিন সরকার, ডেসপাস রাইডার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র বিদায় সংবর্ধনা অনুষ্ঠান





উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র প্রশাসন শাখার অফিস আদেশ মূলে ৩০ অক্টোবর ২০২৪ তারিখে PRL এ গমনের জন্য জনাব মোঃ নাছির উদ্দিন সরকার, ডেসপাস রাইডার, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অফিস আদেশ প্রদান করা হয়েছে। তাঁকে অবমুক্ত করা হয় এবং বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## জনাব মোঃ জহুরুল হক, উপপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র বিদায় সংবর্ধনা অনুষ্ঠান







প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে ০৯ নভেম্বর ২০২৪ তারিখে PRL এ গমনের জন্য অফিস আদেশ প্রদান করা হয়েছে। সে আদেশের প্রেক্ষিতে বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

# স্কিলফো পাইলট প্রকল্পের এসেসরদের প্রশিক্ষণ উদ্বোধন




উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র আওতাধীন স্কিলফো প্রকল্প কক্সবাজার জেলায় চলমান আছে। গত ১৮ নভেম্বর, ২০২৪ তারিখে কক্সবাজার জেলায় স্কিলফো পাইলট প্রকল্পের এসেসরদের প্রশিক্ষণ উদ্বোধন অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয় বিসপার্ক হোটেলের সম্মেলন কক্ষে, উদ্বোধনী সভায় সভাপতিত্ব করেন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র পরিচালক (পরিকল্পনা ও মনিটরিং), জনাব মোহাম্মদ রুকুনুদ্দীন সরকার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কক্সবাজার পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যক্ষ । প্রকল্প সম্পর্কে বিস্তারিত বক্তব্য প্রদান করেন জনাব ইকবাল হোসেন, ইউনেস্কো শিক্ষা এডভাইজার বাংলাদেশ। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন স্মার্ট বাংলাদেশ গড়তে হলে শিক্ষিত জনগণ দরকার সে প্রেক্ষিতে এ প্রকল্পটি খুবই গুরুত্বপূর্ণ। এ প্রকল্পটি বাস্তবায়িত হলে স্মার্ট বাংলাদেশ গঠনে সহায়ক হবে স্কিলফো প্রকল্পের প্রশিক্ষণটি এনএসডিএ এর সাথে সমন্বয় রেখে প্রশিক্ষণ পরিচালনার অনুরোধ জানান। দক্ষতা প্রশিক্ষণের উপর যে ২৭টি উপকরণ প্রণয়ন করা হচ্ছে এগুলি বাংলাদেশের জন্য একটি সম্পদ হয়ে থাকবে। এই প্রকল্পের জন্য যে সকল উপকরণ প্রণয়ন করা হবে সে উপকরণগুলি যেন পরবর্তী প্রকল্পে ব্যবহার করতে পারে, সে বিষয়ে নজর রেখে উপকরণ প্রস্তুত করার জন্য অনুরোধ জানান। বাংলাদেশকে ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হিসেবে পৌছতে হলে এ ধরণের স্কিল প্রশিক্ষণের প্রয়োজন। দেশের জনগণকে কারীগরি শিক্ষায় শিক্ষিত করে গড়ে তুলতে হবে তবেই দেশ উন্নত হবে। স্কিলফো প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে কক্সবাজার জেলার ৯টি উপজেলায় ১. কক্সবাজার সদর, ২. চকোরিয়া, ৩. পেকুয়া, ৪. কুতুবদিয়া, ৫. মহেশখালী, ৬. রামু, ৭. উখিয়া, ৮. টেকনাফ, ৯. ঈদগাঁও। চলমান পাইলট প্রকল্পের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ শেষ হয়েছে। এখন প্রশিক্ষণার্থীদের এসেস করে উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ডের মাধ্যমে সনদায়ন করতে হবে এ কাজ সম্পন্নকরণের জন্য আপনাদের (এসেসর হিসেবে) তালিকা ভুক্ত করা হয়েছে আশা করি এসেসরগণ সঠিকভাবে সে কাজটি সম্পন্ন করবেন এ আশা ব্যক্ত করে মহাপরিচালক বক্তব্য শেষ করেন।

# জনাব মোঃ নাছির উদ্দিন, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর , উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র বিদায় সংবর্ধনা অনুষ্ঠান







উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র প্রশাসন শাখার অফিস আদেশ মূলে ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে PRL এ গমনের জন্য অফিস আদেশ প্রদান করা হয়েছে। সে আদেশের প্রেক্ষিতে বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## জনাব দেবব্রত চক্রবর্তী, পরিচালক (প্রশাসন, অর্থ, প্রশিক্ষণ ও বাস্তবায়ন) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে যোগদান



**জনাব দেবব্রত চক্রবর্তী, পরিচালক (প্রশাসন, অর্থ, প্রশিক্ষণ ও বাস্তবায়ন), উশিব্যু**

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২৪/১২/২০২৪ তারিখের ০৫.০০.০০০০.১৩২.১৯.০০৪.২৪ (অংশ-১)-১২১৩ সংখ্যক স্মারকের প্রজ্ঞাপনমূলে জনাব দেবব্রত চক্রবর্তী, পরিচালক হিসেবে পদায়ন করা হয়। তিনি গত ২৬ ডিসেম্বর ২০২৪ তারিখে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোতে পরিচালক পদে যোগদান করেন। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর পরিবার তাঁর সার্বিক মঙ্গল কামনা করেন।

## শুদ্ধাচার বিষয়ে অংশীজনদের জনসচেতনা বৃদ্ধিমূলক সভা





গত ২৯/১২/২০২৪ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন শীর্ষক অংশীজনদের সচেতনতা বৃদ্ধিমূলক অংশীজন সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র মহাপরিচালকের পক্ষে উপপরিচালক ড. মোছা: ফাহমিদা বেগম। বেসরকারি সংস্থা ব্র্যাক এর আঞ্চলিক কার্যালয় বাড্ডা থানা, ঢাকা। এ সভায় অংশগ্রহণ করেছিলেন ব্যুরো'র কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। উপপরিচালক মহোদয়, বাস্তবায়িত যে কোন কার্যক্রম আইন কানুন মেনে শুদ্ধভাবে বাস্তবায়নের জন্য আহবান জানান বেসরকারি সংস্থার কর্মসূচি বাস্তবায়ন কালে শুদ্ধাচার কৌশলের বিধি বিধান অনুসরনের প্রয়োজনীয়তা রয়েছে। শুদ্ধাচার কৌশলের বিধি বিধান মেনেই কর্মসূচি বাস্তবায়ন করতে হবে। এ আহবান জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

## জনাব বিদ্যুৎ রায় বর্মন, উপপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র বিদায় সংবর্ধনা অনুষ্ঠান






উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র প্রশাসন শাখার অফিস আদেশ মূলে ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে PRL এ গমনের জন্য অফিস আদেশ প্রদান করা হয়েছে। সে আদেশের প্রেক্ষিতে বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

## জনাব মোঃ ইউনুছ আলী, মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র বিদায় সংবর্ধনা অনুষ্ঠান







গত ২৯ ডিসেম্বর ২০২৪ তারিখের ৩৮.০০.০০০০.৩০১.১৮.৭৪১.২৪ সংখ্যক স্মারকে মোঃ ইউনুছ আলী, মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোকে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে PRL এ গমনের উদ্দেশ্যে অফিস আদেশ জারী করা হয়। উক্ত আদেশের প্রেক্ষিতে জন প্রশাসন মন্ত্রণালয়ে যোগদানের নিমিত্তে তাঁকে অবমুক্ত করা হয় এবং বিদায় সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

# তথ্য অধিকার আইন-২০০৯ এর বিষয়ে অংশীজনদের জনসচেতনতা বৃদ্ধিমূলক অংশীজন সেমিনারসভা






২০২৪-২০২৫ অর্থবছরে মন্ত্রিপরিষদ বিভাগ হতে তথ্য অধিকার আইন-২০০৯ কর্মপরিকল্পনা এর কার্যক্রম [২.২] অনুযায়ী তথ্য অধিকার আইন-২০০৯ বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সেমিনার করার সিদ্ধান্ত রয়েছে। সে মোতাবেক গত ২৯ ডিসেম্বর, ২০২৪ তারিখে ঢাকা জেলার আউট অব স্কুল চিলড্রেন কর্মসূচি বাস্তবায়নকারী বেসরকারি সংস্থা ব্র্যাক এর আঞ্চলিক কার্যালয় বাড্ডা এর কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে তথ্য অধিকার অংশীজন সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে সঞ্চালকের দায়িত্ব পালন করেন মোঃ জালালুম বাঈদ, উপপরিচালক (সাধারণ প্রশাসন), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো মহোদয় উপস্থিত অংশীজনদের তথ্য অধিকার আইন সম্পর্কে অবহিত আছেন কিনা তা জানতে চান। এ প্রেক্ষিতে ব্র্যাক এর আঞ্চলিক কার্যালয়ের ম্যানেজার বলেন হ্যাঁ আমি জেনেছি তথ্য পাওয়ার জন্য একটি আইন হয়েছে কিন্তু বিস্তারিত জানিনা। সঞ্চালক মহোদয় তথ্য প্রদানকারী কর্মকর্তাকে এ বিষয়ে বিস্তারিত আইনটি তুলে ধরার জন্য অনুরোধ জানান। তথ্য প্রদানকারী কর্মকর্তা অংশীজনদের তথ্য অধিকার আইনের প্রত্যেকটি ধারা তাদের মাঝে তুলে ধরে তথ্য অধিকার আইন বিষয়ে সচেতন করেন।

সবার জন্য মানসম্মত গণশিক্ষা

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড
স্থাপিত: ২০১৬
জীবনমুখী শিক্ষা প্রযুক্তি উন্নয়ন নিরক্ষরতা দূরীকরণ

